

ইডেন শিক্ষার্থীদের সাহসিকতায় মুগ্ধ নেটিজেনরা

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১২:০৬, ২৭ জানুয়ারি ২০২৫



ছবি: সংগৃহীত

রাতভর উত্তাল ছিল নীলক্ষেত এলাকা। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সাত কলেজের শিক্ষার্থীদের সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ধাওয়া-পাল্টা ধাওয়ার সংঘর্ষ চলে দীর্ঘক্ষণ।

এর মধ্যেই রোববার দিবাগত রাত সাড়ে বারোটোর দিকে ইডেন মহিলা কলেজের তিন শতাধিক শিক্ষার্থী হল থেকে বেরিয়ে নীলক্ষেত মোড়ে এসে জড়ো হন।

ইডেনের শিক্ষার্থীরা কলেজ গেটের তলা ভেঙে নীলক্ষেত মোড়ে অবস্থান নেন এবং স্লোগান দিতে শুরু করেন। সাত কলেজের শিক্ষার্থীদের পক্ষ নিয়ে ঢাবি শিক্ষার্থীদের বিরুদ্ধে তারা “ভুয়া ভুয়া” স্লোগান দেন।

ইডেনের একাধিক শিক্ষার্থী অভিযোগ করেন, ঢাবি শিক্ষার্থীরা অন্যায়ভাবে সাত কলেজের শিক্ষার্থীদের উপর হামলা চালিয়েছে এবং তাদের বেশ কয়েকজনকে আহত করেছে। এই হামলার প্রতিবাদ এবং সাত কলেজের শিক্ষার্থীদের সহযোগিতার জন্যই তারা রাস্তায় নেমেছেন বলে জানান।

এদিকে, কলেজ প্রশাসন এবং বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতাকর্মীরা পরিস্থিতি শান্ত করার চেষ্টা করলে, ইডেনের শিক্ষার্থীরা তাদের প্রতিও ক্ষিপ্ত হয়ে ওঠেন।

সংঘর্ষের কারণে রাত সাড়ে দশটা থেকে ভোর তিনটা পর্যন্ত এলাকায় উত্তেজনা বিরাজ করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে নীলক্ষেত এলাকার বিদ্যুৎ সংযোগ বন্ধ করে দেওয়া হয়। পরে পরিস্থিতি কিছুটা শান্ত হলে শিক্ষার্থীরা নিজ নিজ ক্যাম্পাসে ফিরে যান।

ইডেন কলেজের শিক্ষার্থীদের এই সাহসিকতা এবং দৃঢ় অবস্থান সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রশংসিত হয়েছে। অনেক নেটিজেন তাদের সাহসিকতার জন্য মুগ্ধতা প্রকাশ করেছেন।